

১) বন্ধনী থেকে একই অর্থের শব্দ বেছে নিয়ে লেখ।

(অপেক্ষা, পর্যবেক্ষণ, প্রবৃত্ত, পূর্বোক্ত, অপহৃত)

ক) বাধ্য হয়ে কোনো কাজ করা — প্রবৃত্ত।

খ) খুব মন দিয়ে দেখা — পর্যবেক্ষণ।

গ) ধৈর্য ধরে থাকা — অপেক্ষা।

ঘ) যা চুরি গিয়েছে এমন — অপহৃত।

ঙ) আগে বলা হয়েছে এমন — পূর্বোক্ত।

২) বিপরীত শব্দ লেখ।

শব্দ	বিপরীত শব্দ
ক) মৃত্যু	জন্ম
খ) ক্ষুদ্র	বৃহৎ
গ) লাভ	লোকসান
ঘ) লম্বা	বেঁটে
ঙ) সন্ধ্যা	সকাল

৩) শূন্যস্থান পূরণ কর।

ক) মাকড়সা ক্ষিপ্ৰগতিতে অপহৃত বস্তু নিয়ে সরে পড়ে।

খ) পিঁপড়ের সারের মধ্যে তখন হুলস্থুল পড়ে যায়।

গ) আমাদের দেশে সর্বত্রই হলেদে রঙের একপ্রকার ক্ষুদে পিঁপড়ে দেখা যায়।

ঘ) নেকড়ে - মাকড়সা মাছি শিকার করে জীবনধারণ করে।

ঙ) পিঁপড়েরা মাকড়সার মতো দ্রুতবেগে ছুটতে পারে না।

৪) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) নেকড়ে - মাকড়সার কাহিনীটি কে লিখেছেন?

উঃ নেকড়ে - মাকড়সার কাহিনীটি লিখেছেন গোপালচন্দ্র ভট্টাচার্য।

খ) ক্ষুদে পিঁপড়েরা কিভাবে এক স্থান থেকে অন্যস্থানে যাতায়াত করে?

উঃ ক্ষুদে পিঁপড়েরা দলে দলে সার বেঁধে এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করে।

গ) বাচ্চা মাকড়সারা কাদের কাছ থেকে খাদ্য ছিনিয়ে নেয়?

উঃ বাচ্চা মাকড়সারা পিঁপড়েরদের কাছ থেকে খাদ্য ছিনিয়ে নেয়।

ঘ) সার বেঁধে যখন পিঁপড়েরা যায় তখন পিঁপড়েরদের মুখে কী দেখা যায়?

উঃ সার বেঁধে যখন পিঁপড়েরা যায় তখন পিঁপড়েরদের মুখে খাদ্যকণা অথবা ক্ষুদ্র ক্ষুদ্র ডিম দেখা যায়।

ঙ) নেকড়ে - মাকড়সার বাচ্চারা চুরি করে কেন?

উঃ নেকড়ে - মাকড়সার অধিকাংশ বাচ্চারই প্রয়োজনমতো শিকার ধরবার সুযোগ হয় না। কাজেই অনেকে অল্পাহারে বা অনাহারে মৃত্যুমুখে পতিত হয়। এই অবস্থায় এরা বাধ্য হয়ে চুরি করে।